

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৮, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৮ই এপ্রিল, ২০০৯/২৫শে চৈত্র, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৮ই এপ্রিল, ২০০৯ (২৫শে চৈত্র, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ২৮ নং আইন

গ্রাম সরকার আইন, ২০০৩ রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন —(১) এই আইন গ্রাম সরকার (রহিতকরণ) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুন ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৩ সনের ৬নং আইন রহিতকরণ ও হেফাজত —(১) গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২৮৪৩)

মূল্য : টাকা ২.০০

(২) উক্ত আইন রহিত হইবার সঙ্গে সঙ্গে—

- (ক) উহার অধীন গঠিত গ্রাম সরকার, অতঃপর বিলুপ্ত গ্রাম সরকার বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;
- (খ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের অনুকূলে ন্যস্ত হইবে;
- (গ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল ঋণ ও দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের ঋণ ও দায়-দায়িত্ব বলিয়া গণ্য হইবে; এবং
- (ঘ) বিলুপ্ত গ্রাম সরকারের অধীনে কৃত উহার সকল কার্য বা গৃহীত ব্যবস্থা বা কোন আদালতে বিচারাধীন কোন মামলা উক্তরূপ কার্য বা বিচার-ব্যবস্থা বা মামলা অকার্যকর, রহিত ও বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। ২০০৮ সনের ২৩ নং অধ্যাদেশ রহিতকরণ।—এতদ্বারা গ্রাম সরকার (রহিতকরণ) অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ২৩ নং অধ্যাদেশ) রহিত করা হইল।

আশফাক হামিদ
সচিব।